**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৫৪/২০১৭**

**ঢাকা, বুধবার ১৫ মার্চ ২০১৭, ১ চৈত্র ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। একনেকের বৈঠকে বিটিভির ৬ পূর্ণাঙ্গ কেন্দ্র স্থাপনসহ ৭ প্রকল্প অনুমোদন

২। জীবন দিয়ে হলেও মানুষের জন্য কাজ করব : লক্ষ্মীপুরের জনসভায় প্রধানমন্ত্রী

৩। জনপ্রতিনিধিরা সৎ হলে কেউ দুর্নীতি করার সাহস পাবে না : রাষ্ট্রপতি

৪। প্রধানমন্ত্রী ভারত যাচ্ছেন আগামী ৭ এপ্রিল

৫। কালো টাকা বিনিয়োগের সুযোগ না থাকায় পাচার হচ্ছে : অর্থমন্ত্রী

৬। স্বাস্থ্য খাতে সহায়তা অব্যাহত রাখুন : ডব্লিউএইচও'র প্রতি স্বাস্থ্যমন্ত্রী

৭। বাংলাদেশে জঙ্গিবাদ নিয়ন্ত্রণে : ভারতে কাউন্টার টেরোরিজম কনফারেন্সে স্বরাষ্ট্রমন্ত্রী

৮। মালয়েশিয়ায় কোনো সিন্ডিকেট নেই, টিআইবির প্রতিবেদন বানোয়াট : প্রবাসী কল্যাণমন্ত্রী

৯। চলতি অর্থবছরের প্রথম ৮ মাসে ৩৭ শতাংশ এডিপি বাস্তবায়ন

১০। জঙ্গিবাদ মোকাবিলায় তথ্যপ্রযুক্তি নেটওয়ার্ক গড়ে তোলা হবে
: পুলিশ প্রধান সম্মেলনে যৌথ ঘোষণা

১১। সমুদ্রে তেল-গ্যাস অনুসন্ধানের লক্ষ্যে দক্ষিণ কোরীয় কোম্পানির সঙ্গে চুক্তি স্বাক্ষর

চলমান পাতা-২

১। **একনেকের বৈঠকে বিটিভির ৬ পূর্ণাঙ্গ কেন্দ্র স্থাপনসহ ৭ প্রকল্প অনুমোদন**

বাংলাদেশ টেলিভিশনের ৬টি পূর্ণাঙ্গ টিভি কেন্দ্র স্থাপন প্রকল্পসহ ৫ হাজার ২৩৮ কোটি ৫৪ লাখ টাকার প্রাক্কলিত ব্যয়সম্বলিত ৭টি নতুন ও সংশোধিত প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। এর মধ্যে সরকারি তহবিল থেকে ৩ হাজার ৪৫৫ কোটি ৪৮ লাখ টাকা, বাস্তবায়নকারী সংস্থা থেকে ৫৫ কোটি ৯০ লাখ টাকা এবং বৈদেশিক সহায়তা থেকে ১ হাজার ৭২৭ কোটি ১৬ লাখ টাকা। গতকাল ১৪ মার্চ মঙ্গলবার রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। এতে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনা। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২)।

২। **জীবন দিয়ে হলেও মানুষের জন্য কাজ করব : লক্ষ্মীপুরের জনসভায় প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, প্রয়োজনে নিজের জীবন দিয়ে হলেও মানুষের জন্য কাজ করব। মানুষের ভাগ্যের পরিবর্তন ঘটাবেন তিনি। দেশবাসীর উদ্দেশে তিনি বলেন, আসুন, সবাই মিলে দেশকে গড়ে তুলি। আগামী নির্বাচনে নৌকা মার্কায় ভোট দিয়ে আওয়ামী লীগকে আবারও জনগণের সেবা করার সুযোগ দিতে তিনি দেশবাসীর প্রতি আহ্বান জানান। গতকাল ১৪ মার্চ মঙ্গলবার লক্ষ্মীপুর শহরে জেলা স্টেডিয়ামে আওয়ামী লীগ আয়োজিত বিশাল জনসভায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। এর আগে প্রধানমন্ত্রী ১০টি উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ২০টি উন্নয়নমূলক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৭)।

৩। **জনপ্রতিনিধিরা সৎ হলে কেউ দুর্নীতি করার সাহস পাবে না : রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, নির্বাচিত জনপ্রতিনিধিরা যদি দুর্নীতি না করেন, তাহলে সরকারি কর্মকর্তা-কর্মচারীরা কেউ দুর্নীতি করার সাহস পাবে না। জনপ্রতিনিধিদের জনগণের ভোটে নির্বাচিত হয়ে মানুষের স্বার্থে এলাকার উন্নয়নে সততার সঙ্গে কাজ করতে হবে। এজন্য তিনি জনগণকেও সকল নির্বাচনে বুঝেশুনে সৎ ও যোগ্য ব্যক্তিদের নির্বাচিত করার আহ্বান জানান। গতকাল ১৪ মার্চ মঙ্গলবার হাওড় অধ্যুষিত অষ্টগ্রাম উপজেলার খেলার মাঠে আয়োজিত এক সুধী সমাবেশে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৭), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১) **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

৪। **প্রধানমন্ত্রী ভারত যাচ্ছেন ৭ এপ্রিল**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ৭ এপ্রিল থেকে ১০ এপ্রিল নয়াদিল্লি সফরে যাচ্ছেন। চারদিনের এ সফর চলবে ১০ এপ্রিল পর্যন্ত। ভারত ও বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক যৌথ বিবৃতিতে বিষয়টি জানানো হয়। এতে বলা হয়, বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ৭ থেকে ১০ এপ্রিল পর্যন্ত ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আমন্ত্রণে ভারতে রাষ্ট্রীয় সফর করবেন। এর মধ্যে ৮ এপ্রিল দুই নেতা ভারতের রাজধানীতে আনুষ্ঠানিক বৈঠক করবেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৮) **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৮)।

৫। **কালো টাকা বিনিয়োগের সুযোগ না থাকায় পাচার হচ্ছে : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, কালো টাকার জন্য দেশীয় বিনিয়োগ হচ্ছে না। টাকা বিদেশে পাচার হচ্ছে, সেখানেই বিনিয়োগ হচ্ছে। মালয়েশিয়া, সিঙ্গাপুরসহ বিশ্বের বিভিন্ন দেশে সেকেন্ড হোম গড়ে তোলা হচ্ছে। মূলত কালো টাকা দেশে বিনিয়োগ করার সুযোগ না থাকায় টাকা পাচার হচ্ছে। বেসরকারি খাতে বিনিয়োগ কমছে। গতকাল ১৪ মার্চ মঙ্গলবার রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় বিশিষ্ট অর্থনীতিবিদদের সঙ্গে প্রাক-বাজেট আলোচনা শেষে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭), **যুগান্তর** (পৃ.১,ক.২)।

৬। **স্বাস্থ্য খাতে সহায়তা অব্যাহত রাখুন : ডব্লিউএইচও'র প্রতি স্বাস্থ্যমন্ত্রী**

জনগণের দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) বাংলাদেশকে যে সহযোগিতা করছে তা অব্যাহত রাখতে সংস্থাটির প্রতি আহ্বান জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম। গতকাল ১৪ মার্চ মঙ্গলবার ভারতের নয়াদিল্লিতে বিশ্ব স্বাস্থ্য সংস্থার আয়োজনে নৈশভোজে অংশ নিয়ে

সংস্থাটির প্রতিনিধিদের প্রতি তিনি এ আহ্বান জানান। এ সময় তিনি স্বাস্থ্য খাতে সরকারের গৃহিত বিভিন্ন পদক্ষেপ ও উন্নয়নমূলক কর্মকান্ড তুলে ধরেন। স্বাস্থ্য মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৬), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫)।

**৭। বাংলাদেশে জঙ্গিবাদ নিয়ন্ত্রণে : ভারতে কাউন্টার টেরোরিজম কনফারেন্সে স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, বাংলাদেশের আর্থ-সামাজিক প্রেক্ষাপট জঙ্গিবাদের



উৎপত্তি ও বিস্তারে সহায়ক নয়। তবে সম্প্রতি দেশীয় পরিবেশে বেড়ে উঠা কিছু জঙ্গির তৎপরতা দেখা গেলেও বাংলাদেশের আইনশৃঙ্খলা বাহিনী জনগণের সহায়তায় তা নিয়ন্ত্রণে নিয়ে এসেছে। গতকাল ১৪ মার্চ মঙ্গলবার ভারতের হরিয়ানায় ইন্ডিয়া ফাউন্ডেশন আয়োজিত 'কাউন্টার টেরোরিজম কনফারেন্স-২০১৭, হাইলাইটিং টেরোরিজম ইন ইন্ডিয়ান ওশান রিজিয়ন' অনুষ্ঠানে এ কথা বলেন তিনি। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১)।

**৮। মালয়েশিয়ায় কোনো সিন্ডিকেট নেই, টিআইবির প্রতিবেদন বানোয়াট : প্রবাসী কল্যাণমন্ত্রী**

আবাসন খাতের অনিয়ম ও দুর্নীতি নিয়ে টিআইবি যে প্রতিবেদন প্রকাশ করেছে তা সম্পূর্ণ বানোয়াট বলে মন্তব্য করেছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি। তিনি বলেন, আমাদের ভাবমূর্তি নষ্ট করতেই ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) ওই প্রতিবেদন করেছিল। একই সঙ্গে মালয়েশিয়াতে কোনো সিন্ডিকেট নেই বলে উল্লেখ করেন তিনি। গতকাল ১৪ মার্চ মঙ্গলবার রাজধানীর ইস্কাটনে প্রবাসী কল্যাণ ভবনে প্রবাসী কল্যাণ বিষয়ক রিপোর্টারদের সংগঠন রিপোর্টার্স ফর বাংলাদেশি মাইগ্রেন্টস'র (আরবিএম) নবগঠিত কমিটির সঙ্গে মতবিনিময়কালে এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪)।

**৯। চলতি অর্থবছরের প্রথম ৮ মাসে ৩৭ শতাংশ এডিপি বাস্তবায়ন**

চলতি অর্থবছরের প্রথম আট মাসে (জুলাই-ফেব্রুয়ারি) বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন হয়েছে ৩৭ শতাংশ। যা গত অর্থবছরের একই সময়ের তুলনায় প্রায় ৩ শতাংশ বেশি। গত বছর এই সময়ে এডিপি বাস্তবায়নের হার ছিল ৩৪ শতাংশ। পরিকল্পনা মন্ত্রণালয়ের বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের (আইএমইডি) হালনাগাদ প্রতিবেদনে এ তথ্য জানা গেছে। গতকাল ১৪ মার্চ মঙ্গলবার এডিপির হালনাগাদ প্রতিবেদনটি সংবাদিকদের কাছে উপস্থাপন করেন পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। এ সময় জানানো হয়, চলতি অর্থবছরের প্রথম ৮ মাসে এডিপিতে মোট খরচ হয়েছে ৪৫ হাজার ৫৩৮ কোটি টাকা। গত বছরের একই সময়ে এডিপিতে মোট ব্যয় হয়েছিল ৩৪ হাজার ৬৭৫ কোটি টাকা। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬)।

**১০। জঙ্গিবাদ মোকাবিলায় তথ্যপ্রযুক্তি নেটওয়ার্ক গড়ে তোলা হবে : পুলিশ প্রধান সম্মেলনে যৌথ ঘোষণা**

জঙ্গি, সন্ত্রাসবাদ ও অন্যান্য ট্রান্সন্যাশনাল ক্রাইম মোকাবিলায় তথ্য প্রযুক্তি নেটওয়ার্ক গড়ে তোলা হবে। আন্তঃদেশীয় অপরাধ দমনে এই নেটওয়ার্কের মাধ্যমে বিভিন্ন দেশ তথ্য বিনিময় করবে। দক্ষিণ এশিয়া ও বিশ্বব্যাপী অপরাধের ধরন চিহ্নিত করতে একটি অভিন্ন কৌশল প্রস্তুত করা হবে। ১৪ দেশের পুলিশপ্রধান, উর্ধ্বতন কর্মকর্তা ও চারটি সংস্থার প্রতিনিধিদের অংশগ্রহণে তিন দিনব্যাপী ঢাকায় অনুষ্ঠিত 'চিফস অব পুলিশ কনফারেন্স' এর শেষ দিনে গতকাল ১৪ মার্চ মঙ্গলবার ১৭ দফা যৌথ ঘোষণা'য় এসব বিষয় উল্লেখ করা হয়েছে। সম্মেলনে অংশ নেওয়া প্রতিনিধিরা এ যৌথ ঘোষণায় স্বাক্ষর করেন। ইন্টারপোল ও বাংলাদেশ পুলিশের আয়োজনে তিন দিনব্যাপী সম্মেলনের সমাপনী দিনে প্রধান অতিথির বক্তব্যে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম বলেন, বাংলাদেশের জঙ্গিদের সঙ্গে ইসলামিক স্টেট বা আন্তজার্তিক অন্য কোনো জঙ্গিগোষ্ঠীর সম্পর্ক নেই। বাংলাদেশের জঙ্গিরা হোম গ্রোন। এখন পর্যন্ত তাদের সঙ্গে বিদেশি কোনো জঙ্গিগোষ্ঠীর সম্পৃক্ততা পাওয়া যায়নি। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৫)।

**১১। সমুদ্রে তেল-গ্যাস অনুসন্ধানের লক্ষ্যে দক্ষিণ কোরীয় কোম্পানির সঙ্গে চুক্তি স্বাক্ষর**

গভীর সমুদ্রের ১২ নম্বর ব্লকে তেল-গ্যাস অনুসন্ধানের জন্য দক্ষিণ কোরীয় কোম্পানি পোসকো দাইউর সঙ্গে উৎপাদন অংশীদারিত্ব চুক্তি (পিএসসি) স্বাক্ষর করেছে সরকার। গতকাল ১৪ মার্চ মঙ্গলবার পেট্রোবাংলার

কার্যালয়ে এই চুক্তি হয়। গভীর সমুদ্রে তেল-গ্যাস অনুসন্ধানে এটিই প্রথম চুক্তি। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর উপদেষ্টা তৌফিক-ই-ইলাহী চৌধুরী বলেন, এই চুক্তির ফলে দেশের সমুদ্রকেন্দ্রিক অর্থনীতির (ব্লু ইকোনমি) উন্নয়ন ত্বরান্বিত হবে। অনুষ্ঠানে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বলেন, জ্বালানির সরবরাহ বাড়াতে সরকার অনেক রকম পদক্ষেপ নিয়েছে। পিএসসির অধীনে অগভীর সমুদ্রের দুটি ব্লকেও বিদেশি কোম্পানি কাজ করছে। বিস্তারিত জরিপের পর গভীর সমুদ্রের অন্যান্য ব্লকের জন্যও পিএসসি করা হবে। সূত্র-**প্রথম আলো** (পৃ.১৬,ক.৩), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.১২,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।



**ক.** **ইত্তেফাক, সংবাদ, প্রথম আলো, ইনকিলাব, ভোরের কাগজ, ডেইলি স্টার, ডেইলি সান, নিউ নেশন, নিউ এজ :** মগবাজার-মৌচাক ফ্লাইওভারের মালিবাগ অংশে গার্ডার পড়ে একজন নিহত ও দুজনের আহত হওয়ার ঘটনা তুলে ধরে সব ফ্লাইওভার নির্মাণে পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা জোরদার করাসহ এ প্রকল্পের নির্মাণকারী প্রতিষ্ঠান এবং ঠিকাদারি প্রতিষ্ঠানের বিরুদ্ধে তদন্ত করে দায়ীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

**খ.** **সংবাদ :** যশোরের এসপির বিরুদ্ধে অভিযোগ করায় মানবাধিকার সংগঠন রাইটসের নির্বাহী পরিচালক ও তার ছেলে ও পরিবারের সদস্যদের বিরুদ্ধে হয়রানিমূলক সব ধরনের কার্যক্রম বন্ধ করাসহ ঘটনার জন্য দায়ী এসপির বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার আহ্বান।

**গ.** **জনকণ্ঠ :** নিরপরাধ বন্দীর মুক্তি ও সংশ্লিষ্ট আটককারী কর্তৃপক্ষের কাছে এমনকি রাষ্ট্রের কাছেও ক্ষতিপূরণ চাওয়ার বিষয়ে প্রধানমন্ত্রীর অভিমতকে তুলে ধরে দীর্ঘদিনের এ জনপ্রত্যাশা পূরণে সরকারকেই এগিয়ে আসার সুপারিশ।

**ঘ.** **প্রথম আলো :** ঘোষণা দিয়েও দীর্ঘদিন দেশের **১৩**টি স্থলবন্দর চালু না হওয়ায় স্থলবন্দরের গুরুত্বের বিষয়টি বিবেচনায় নিয়ে সরকারকে অবিলম্বে উক্ত **১৩**টি স্থলবন্দর চালুর উদ্যোগ নেওয়ার আহ্বান।

**ঙ.** **সমকাল :** আজ থেকে নৌপথে ঝুঁকিপূর্ণ মৌসুম শুরু হওয়ায় উপকূলের নৌপথে পর্যাপ্তসংখ্যক নৌযান নিশ্চিত করতে সরকারি খাতের পাশাপাশি বেসরকারি উদ্যোক্তাদের এগিয়ে আসার প্রত্যাশা ব্যক্ত।

**চ.** **যুগান্তর :** চট্টগ্রাম নগরীর সৌন্দর্য ও পরিবেশ রক্ষায় লালখান বাজার-বিমানবন্দর সড়কে নতুন ফ্লাইওভার নির্মাণের পরিবর্তে জনস্বার্থে প্রয়োজনীয় প্রকল্প নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**ছ.** **ইন্ডিপেনডেন্ট :** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থীর কর্তব্যরত চিকিৎসক কর্তৃক শারীরিকভাবে লাঞ্ছিত হওয়ার ঘটনা তুলে ধরে দায়ী ব্যক্তির বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা নেওয়াসহ এ ধরনের ঘটনার সঠিক বিচারের প্রত্যাশা।

**জ.** **ডেইলি সান :** বেসরকারি স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়সহ ইংরেজি মাধ্যম স্কুলে বিভিন্ন ফি বাড়ানো সংক্রান্ত কোনো সঠিক গাইডলাইন না থাকায় এ ব্যাপারে যথাযথ কর্তৃপক্ষকে উপযুক্ত পদক্ষেপ নেওয়ার আহ্বান।

**ঝ.** **নিউ এজ :** বিলুপ্ত হয়ে যাওয়ার আশঙ্কায় থাকা বন্যপ্রাণীদের বিলুপ্তির হাত থেকে রক্ষায় জরুরি ভিত্তিতে জীব বৈচিত্র সুরক্ষায় কার্যকর ব্যবস্থা গ্রহণের ওপর গুরুত্বারোপ।

**ঞ.** **অবজারভার :** চট্টগ্রাম মহানগরীর রাস্তাঘাটের বেহাল দশা দেখে প্রধানমন্ত্রী নির্মাণকাজে তার নির্দেশনা যথাযথভাবে মেনে না চলায় যে অসন্তোষ প্রকাশ করেছেন তা তুলে ধরে বড় বড় উন্নয়নমূলক কাজ যথাসময়ে শেষ করা এবং এ কাজে দুর্নীতির বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেওয়ার প্রত্যাশা করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে মুক্তিযুদ্ধের আদর্শের বাংলাদেশ গড়ার মানসে, তুমি কে, আমি কে বাঙালি, বাঙালি এই স্লোগানে জাতীয় ঐক্য গড়ে তুলে এ দেশের রাজনৈতিক অঙ্গন থেকে রাজনীতিতে ধর্মব্যবহার রোধ করতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'শিশু সুরক্ষায় প্রয়োজন নির্যাতন ও ঝুঁকিপূর্ণ কাজের নিরসন'** শিরোনামের নিবন্ধে মো. আব্দুল লতিফ বকসী সরকারের পাশাপাশি সবাই সম্মিলিতভাবে নিজ নিজ অবস্থান থেকে শিশু সুরক্ষার জন্য কাজ করতে পারলে দরিদ্র ও অসহায় এসব সম্ভাবনাময় শিশুরা ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত না হয়ে একদিন আলোকিত মানুষ হিসেবে গড়ে উঠবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা